28 NOV.1992

আজকের কাগজ

তারিখ 28 NOV 1992
পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ৭ ...

16

## পত্নীতলায় প্রাথমিক শিক্ষা ব্যাহত হচ্ছে

পত্নীতলা থানার ১১টি ইউনিয়নের প্রাথমিক বিদ্যালয়ে বিভিন্ন সমস্যার কারণে শিক্ষার্থীদের লেখাপড়া বিঘ্নিত হচ্ছে বলে জানা গেছে। থানায় মোট সরকারি ৮২টি এবং বেসরকারি ২১টি প্রাথমিক বিদ্যালয় রয়েছে। এসব বিদ্যালয়ে ছাত্র সংখ্যা প্রায় ২০ হাজার। তুলনামূলক শিক্ষক না থাকায় ছাত্রছাত্রীরা উপযুক্ত শিক্ষা থেকে বঞ্চিত হচ্ছে। তাছাড়া, প্রয়োজনীয় আসবাবপত্র ও শ্রেণীকক্ষ না থাকায় অধিকাংশ স্কুলের ছেলেমেয়েদের খোলা মাঠে স্কুল করতে দেখা যায়। পত্নীতলা থেকে মাজেদুর রহমান মামুন।